দৈনিক ইত্তেফাক

134

তারিখ ... 20 JUN 1990 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2 ...

# হল প্রভোষ্টদের বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি পর্যালোচনা

গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে সকল আবাসিক হলের প্রভোষ্টদের অনুষ্ঠিত সভায় নির্বাচন পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা

(৪র্থ পৃঃ দ্রঃ)

## হল প্রভোষ্টদের বৈঠক

( ৩য় পৃঃ পর )

করা হয়। সভায় সকলে ঐকমত্যে পৌঁছেন যে, ছাত্র-শিক্ষক-কর্মচারী এবং সরকার সকলের সহযোগিতায় শিক্ষার যে সুষ্ঠু পরিবেশ বর্তমানে বিরাজ করিতেছে তাহা যাহাতে অব্যাহত থাকে সকলে সে চেষ্টা চালাইয়া যাইবেন। এ লক্ষ্যে হলের প্রভোষ্ট এবং হাউজ টিউটরগণ হলের অভ্যন্তরীণ শৃংখলা যাহাতে কোন রকমে ব্যাহত না হয় সেদিকে সজাগ ও সতর্ক দৃষ্টি রাখিবেন। এ ছাড়া ক্যাম্পাসে যাহাতে বহিরাগত ও অবাঞ্ছিত কোন ব্যক্তি বিচরণ না করিতে পারে সেজন্য ভাইস চ্যান্সেলর মহোদয় আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহের সাথে যোগাযোগ করিবেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সভায় এ আশাবাদ ব্যক্ত করা হয় যে, বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ সংরক্ষণে নবনির্বাচিত ডাকসু ও বিভিন্ন হল সংসদের সদস্যগণ যথাযোগ্য ভূমিকা পালন করিবেন। —প্রেস বিজ্ঞপ্তি।